দৈনিক সংবাদ

তারিখ ... 20 AUG 1991
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# সহকারী অধ্যাপকদের পদোন্নতি চূড়ান্ত করা হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারী কলেজগুলোতে সহকারী অধ্যাপক থেকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির বিষয়টি গতকাল সোমবার, শিক্ষা মন্ত্রণালয় চূড়ান্ত করেছে।

দায়িত্বশীল সূত্রে জানা গেছে, গতকাল মন্ত্রণালয়ে অনুষ্ঠিত উচ্চ-পর্যায়ের সভায় সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্যে অপেক্ষমাণ প্রায় ৯শ' জনের কেস নিষ্পত্তি করা হয়। সরকারী কর্ম কমিশনের আপত্তি হেতু সিনিয়রিটির তালিকায় কিছু রদবদল হয়েছে। চলতি মাসের শেষদিকে অথবা আগামী সপ্তাহের শুরুতে চূড়ান্ত অনুমোদনের জন্য রাষ্ট্রপতির কাছে সার-সংক্ষেপ পাঠানো হবে। অনুমোদিত হলে প্রভাষকদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিষয়ে ফয়সালা হবে।